

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা মন্ত্রণালয়  
পরিকল্পনা বিভাগ  
প্রশাসন অধিশাখা-৪  
শেরে বাংলা নগর, ঢাকা।  
[www.plandiv.gov.bd](http://www.plandiv.gov.bd)

নম্বর-২০.০০.০০০০.৩০৫.৩২.১৬৩.০৬.২৪৬

তারিখ: ০৫ আশ্বিন ১৪২৯  
২০ সেপ্টেম্বর ২০২২

## অফিস আদেশ

যেহেতু, জনাব মো: আলাল উদ্দিন, অফিস সহায়ক (সাময়িক বরখাস্ত), কৃষি পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন এর বিরুদ্ধে দায়েরকৃত সিআর মামলা নং-৬৫/২০, দায়রা নং-৪৬৪/২১ (নগরকান্দা), এন আই এ্যাক্ট-এর ১৩৮ ধারা মোতাবেক বিজ্ঞ যুগ্ম দায়রা জজ, ২য় আদালত, ফরিদপুর কর্তৃক ০১ (এক) বছরের বিনাশ্রম কারাদন্ড এবং ২০,০০,০০০/- (বিশ লক্ষ) টাকা জরিমানা দন্ড প্রদান করা হয়েছে;


যেহেতু, বিজ্ঞ যুগ্ম দায়রা জজ, ২য় আদালত, ফরিদপুর কর্তৃক উল্লিখিত দন্ড আরোপের লক্ষ্যে সাজা ওয়ারেন্ট মূলে (সিএমএম কোর্ট প্রসেস নং-৫৮/২২, তারিখ: ২৩/০৫/২০২২) শেরে বাংলা নগর থানা, ডিএমপি, ঢাকা কর্তৃক তাকে ৩০/০৫/২০২২ তারিখ গ্রেফতার করা হয়েছে এবং ৩১/০৫/২০২২ তারিখে বিজ্ঞ সিএমএম আদালত ঢাকায় সোপর্দ করা হয়েছে;

যেহেতু, তার এরূপ আচরণ ও কার্যক্রমে পরিকল্পনা বিভাগের ভাবমূর্তি ক্ষুন্ন হয়েছে;

যেহেতু, তার কর্তৃক সংগঠিত উক্ত কর্মকান্ড সরকারি চাকরি আইন, ২০১৮ এর পরিপন্থী;

সেহেতু, জনাব মো: আলাল উদ্দিন, অফিস সহায়ক-কে “সরকারি চাকরি আইন, ২০১৮” এর ৪২(২)(গ) মোতাবেক নিম্নতর বেতন স্কেলে অবনমিতকরণ করা হলো। এক্ষেত্রে জাতীয় বেতন স্কেল ২০১৫ মোতাবেক ১৮তম গ্রেড হতে তাকে ১৯তম গ্রেডে অবনমিতকরণ করা হলো;

এ আদেশ ৩০/০৫/২০২২ তারিখ থেকে কার্যকর হবে।


  
(মো: মামুন-আল-রশীদ)  
সচিব  
পরিকল্পনা বিভাগ

নম্বর-২০.০০.০০০০.৩০৫.৩২.১৬৩.০৬.২৪৬(৭)

তারিখ: ০৫ আশ্বিন ১৪২৯  
২০ সেপ্টেম্বর ২০২২

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। প্রধান, কৃষি, পানিসম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
- ২। উপসচিব, সাধারণ অধিশাখা-১, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
- ৩। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, পরিকল্পনা বিভাগ, হিসাব ভবন, সেগুন বাগিচা, ঢাকা-১০০০।
- ৪। সচিবের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, ঢাকা। (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা। (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৬। হিসাবরক্ষণ কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
- ৭। যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ, ঢাকা। (যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৮। জনাব মো: আলাল উদ্দিন, অফিস সহায়ক, গ্রাম: প্রফেসর কলোনী (গোবিন্দপুর), ডাকঘর+থানা+জেলা: গাইবান্ধা সদর, গাইবান্ধা।
- ৯। অফিস কপি/ব্যক্তিগত নথি।

  
(শেফালী বেগম)  
যুগ্মসচিব